

ডিসেম্বর/২০২১ মাসের প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব আফরোজা বেগম, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা।

সভার স্থান ও তারিখ : উপজেলা শিক্ষা অফিস, কলমাকান্দা, নেত্রকোণা, ৩০ ডিসেম্বর ২০২১ খ্রি.

আজ ৩০ ডিসেম্বর ২০২১ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার উপজেলা শিক্ষা অফিস, কলমাকান্দা, নেত্রকোণায় ডিসেম্বর/২০২১ মাসের প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভা জনাব আফরোজা বেগম, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। পূর্ববর্তী মাসের কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং তা সভায় অনুমোদিত হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র.নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন কারী	মন্তব্য
০১	বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ ও বই উৎসব-২০২২ পালন সংক্রান্ত।	সরকারি, বেসরকারি ও এনজিওসহ সকল ধরনের বিদ্যালয়ে ইতোমধ্যে পাঠ্যপুস্তক সরবরাহ করা হয়েছে। বই উৎসব-২০২২ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সকল বিদ্যালয়ে পালন করার নির্দেশনা দেওয়া হয়েছে।	ইউইও, এইউইও, প্র.শি সহ সংশ্লিষ্ট সকল।	
০২	বিভিন্ন উন্নয়নমূলক কাজ সঠিকভাবে তদারকি প্রসঙ্গে।	কলমাকান্দা উপজেলায় ২০২১-২০২২ অর্থবছরে ১৭২টি বিদ্যালয়ে শিক্ষার্থী অনুপাতে স্লিপের অর্থ, ক্ষুদ্র মেরামত বাবদ ২২ টি বিদ্যালয়ে ২ লক্ষ টাকা বরাদ্দ ও রুটিন মেরামত বাবদ ১১৪টি বিদ্যালয়ে ৪০,০০০ টাকা করে বরাদ্দ দেওয়া হয়েছে। তা সৃষ্টভাবে সম্পন্ন করার জন্য নিবিড় তদারকির মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউইও, এইউইও, সংশ্লিষ্ট সকল।	
০৩	বিজয় দিবস উত্থাপন প্রসঙ্গে।	সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যথাযথ মর্যাদায় বিজয় দিবস ২০২১ পালন করা হয়েছে। রচনা, চিত্রাংকন ও সংগীত প্রতিযোগিতার মাধ্যমে বিজয় দিবস উত্থাপন হয়েছে। ১২টি সরকারি প্রাথমিক বিদ্যালয় বিজয় দিবস কুচকাওয়াজে অংশগ্রহণ করে।	ইউইও, এইউইও, সংশ্লিষ্ট সকল।	

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকল কে ধন্যবাদ জানিয়ে ডিসেম্বর ২০২২ মাসের সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(আফরোজা বেগম)

ভাইস চেয়ারম্যান (মহিলা)

উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা।

ও

সভাপতি

সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি

তারিখ : ৩০/১২/২০২১ খ্রি.

স্মারকনং : উশিঅ/কলমা/নেত্র/২০২১- ৫৬৫(৫)

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

০১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা।

০২. উপজেলা নির্বাহী অফিসার, কলমাকান্দা, নেত্রকোণা।

০৩. চেয়ারম্যান, .....ইউপি, কলমাকান্দা, নেত্রকোণা।

০৪. সংরক্ষিত সদস্য, .....ইউপি, কলমাকান্দা, নেত্রকোণা।

০৫. অফিসকপি।

(জাহানারা খাতুন)

উপজেলা শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব

প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি

কলমাকান্দা, নেত্রকোণা।